43

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 05 SEP 1995 ...
পৃষ্ঠা ৩ কলাম ২

# সাক্ষরতা বৃদ্ধির লক্ষ্যে উপআনুষ্ঠানিক শিক্ষা অধিদপ্তর

ইত্তেফাক রিপোর্ট ॥ দেশের সাক্ষরতার হার বিশ্বমানে উন্নীত করার লক্ষ্যে সরকার প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের অধীনে একটি স্থায়ী উপআনুষ্ঠানিক শিক্ষা অধিদপ্তর প্রতিষ্ঠা করিয়াছে। গত রবিবার প্রধানমন্ত্রীর তত্ত্বাবধানে একজন মহাপরিচালকের নেতৃত্বে ইহার কার্যক্রম শুরু হইয়াছে।

( ৪র্থ পৃঃ দ্রঃ)

## সাক্ষরতা বৃদ্ধির লক্ষ্য

( ৩য় পৃঃ পর )

নয়া প্রতিষ্ঠিত এই অধিদপ্তরটি সরকার ঘোষিত ২000 সাল নাগাদ দেশের শতকরা ৬২ ভাগ মানুষের মধ্যে সাক্ষরতা জ্ঞান প্রদানের ক্ষেত্রে কার্যকর ভূমিকা গ্রহণ করিবে বলিয়া জানা গিয়াছে। উল্লেখ্য, দেশে বর্তমানে সাক্ষরজ্ঞান-সম্পন্ন মানুষের সংখ্যা শতকরা ২৯ হইতে ৩০ ভাগ।